

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৪৪(আগরতলা-০৭।০৯)
কমলপুর, ০৭ সেপ্টেম্বর, ২০১৯

দুর্গাচৌমুহনী ব্লকে পোষণ মাহ কর্মসূচির উপর আলোচনাচক্র

সালেমা আই সি ডি এস প্রজেক্টের উদ্যোগে গতকাল দুর্গাচৌমুহনী ব্লকের মরাছড়া কমিউনিটি হলে পোষণ মাহ বিষয়ক জনসচেতনামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রের উদ্বোধন করেন দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস। আলোচনাচক্রে পোষণ কর্মসূচি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ব্লক এলাকার ০-৬ বছর বয়সী শিশু, বয়ঃসন্ধিকালীন মেয়ে, গর্ভবতী ও প্রসূতি মহিলাদের স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে গুরুত্বারোপ করে সচেতনামূলক আলোচনা করেন অতিথিগণ। এদিনের আলোচনাচক্রের পূর্বে সুসজ্জিত র্যালি মরাছড়া বাজার থেকে শুরু করে বিভিন্ন পথ পরিক্রমা করে মরাছড়া কমিউনিটি হলে এসে সমবেত হয়। র্যালিতে অঙ্গনওয়াড়ি কর্মী, আশা কর্মীসহ সমাজসেবী এবং জনপ্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠানে সবলা বালিকাদের মধ্যে শংসাপত্র ও পেশাগত সহায়ক সামগ্রী বিতরণ করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের সহকারী-সভাধিপতি অনাদি সরকার, সমাজসেবী সন্তোষ দাস, দুর্গাচৌমুহনী ব্লকের বি ডি ও রামেশ্বর চক্রবর্তী প্রমুখ।
